

## 💵 সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৮২

২/ সালাত (নামায) (১ হান্)

পরিচ্ছেদঃ ২৬. মসজিদে থুথু ফেলা মাকরহ।

باب فِي كَرَاهِيَةِ الْبُزَاقِ فِي الْمَسْجِدِ

## আরবী

حَدَّتَنَا أَحْمَدُ بْنُ صَالِحٍ، حَدَّتَنَا عَبْدُ اللَّهِ بْنُ وَهْبٍ، أَخْبَرَنِي عَمْرُو، عَنْ بَكْرِ بْنِ سَوَادَةَ الْجُذَامِيّ، عَنْ صَالِحِ بْنِ خَيْوَانَ، عَنْ أَبِي سَهْلَةَ السَّائِبِ بْنِ خَلاَّدٍ، \_ قَالَ أَحْمَدُ \_ مِنْ أَلِي سَهْلَةَ السَّائِبِ بْنِ خَلاَّدٍ، \_ قَالَ أَحْمَدُ \_ مِنْ أَصِحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّ رَجُلاً أَمَّ قَوْمًا فَبَصَقَ فِي الْقِبْلَةِ وَرَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم حِينَ فَرَغَ " لاَ يُصلِّي صلى الله عليه وسلم حِينَ فَرَغَ " لاَ يُصلِّي صلى الله عليه وسلم حِينَ فَرَغَ " لاَ يُصلِّي لَكُمْ " . فَأَرَادَ بَعْدَ ذَلِكَ أَنْ يُصلِّي لَهُمْ فَمَنَعُوهُ وَأَخْبَرُوهُ بِقَوْلِ رَسُولِ اللّهِ صلى الله عليه وسلم فَذَكَرَ ذَلِكَ لِرَسُولِ اللّهِ صلى الله عليه وسلم فَقَالَ " نَعَمْ " . وَحَسِبْتُ أَنَّهُ قَالَ " وَسلم فَذَكَرَ ذَلِكَ لِرَسُولِ اللّهِ صلى الله عليه وسلم فَقَالَ " نَعَمْ " . وَحَسِبْتُ أَنَّهُ قَالَ " إِنَّكَ آذَيْتَ اللَّهَ وَرَسُولُهُ " .

## বাংলা

৪৮২. আহমদ ইবনু সালেহ্ ...... আবৃ সাহলা (রাঃ) হতে বর্ণিত। ইমাম আহমদ (রহঃ) বলেন, তিনি নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লামের সাহাবী ছিলেন। একদা জনৈক ব্যক্তি লোকদের ইমামতি করার সময় ক্বিলার দিক থুথু নিক্ষেপ করে। তা স্বয়ং রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম অবলোকন করেন। সে নামায হতে অবসর হলে রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ সে তোমাদের নামায পড়ায়নি। অতঃপর সেই ব্যক্তি তাদেরকে নিয়ে পুনরায় নামায আদায় করার ইচ্ছা করে। তারা তাকে ইমামতি করতে নিষেধ করে এবং তাকে নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর কথা অবহিত করে। অতঃপর ঐ ব্যক্তি এ সম্পর্কে রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লামকে জ্ঞাত করলে তিনি বলেনঃ হ্যাঁ, (তোমার ইমামতিতে নামায দুরস্ত হয়নি)। রাবী বলেন, আমার ধারণা নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেনঃ তুমি আল্লাহ্ এবং তাঁর রাসূলকে কন্ট দিয়েছ। (মুসলিম)।

## **English**

Narrated Abu Sahlah as-Sa'ib ibn Khallad:



A man led the people in prayer. He spat towards qiblah while the Messenger of Allah (ﷺ) was looking at him. The Messenger of Allah said to the people when he finished his prayer: He should not lead you in prayer (henceforth).

Thenceforth he intended to lead them in prayer, but they forbade him and informed him of the prohibition of the Messenger of Allah (ﷺ). He mentioned it to the Messenger of Allah (ﷺ) who said to him: Yes.

The narrator said: I think he (the Prophet) said: You did harm to Allah and His Apostle.

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন